গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
web:moa.gov.bd

# শোক বার্তা

## কৃষি মন্ত্রীর মায়ের মৃত্যুতে কৃষি সচিবের শোক

তারিখ: ৮ সেপ্টেম্বর ২০২৬

কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদের মমতাময়ী মাতা আমেনা বেগমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো: সেলিম খান।

এক শোকবার্তায় তিনি মরহুমার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জানান।

শোকবার্তায় কৃষি সচিব বলেন, আমেনা বেগম ছিলেন একজন স্নেহশীল ও মমতাময়ী মা। তাঁর মৃত্যুতে পরিবার-পরিজন ও স্বজনদের মাঝে যে গভীর শোকের সৃষ্টি হয়েছে, তা অত্যন্ত বেদনাদায়ক। মহান আল্লাহ যেন মরহুমাকে জান্নাতুল ফেরদৌস নসিব করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের এই শোক সহ্য করার শক্তি দান করেন।
উল্লেখ্য, আমেনা বেগম( ১০৩) আজ মঙ্গলবার দুপুরে ঢাকায় নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন।

মৃত্যুকালে তিনি ৩ ছেলে ও ৫ মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

এদিকে, কৃষি মন্ত্রীর মায়ের মৃত্যুতে কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীরাও গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন এবং মরহুমার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেছেন।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ জাকির হোসেন
সিনিয়র তথ্য অফিসার
কৃষি মন্ত্রণালয়
০১৯১২-৭২১২৩৬

CamScanner